

সোনালী ব্যাংক পিএলসি

২০২২-২৩ অর্থবছরে গৃহীত উত্তাবনী উদ্যোগ

১. ধারণার শিরোনাম: QR Code Based Cash Out

২. ধারণার পরিচিতি: এটি একটি চেকবিহীন অর্থ উত্তোলন প্রক্রিয়া।

৩. উদ্দেশ্য: গ্রাহকগণের ব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন প্রক্রিয়া সহজীকরণসহ ডিজিটাল পদ্ধতিতে লেনদেন চালুকরণ।

৪. কর্মপদ্ধতি: গ্রাহকগণ সোনালী ব্যাংকের যেকোন শাখায় গিয়ে তাঁর মোবাইলের Sonali e-Wallet app এ Log-In করবেন। অতঃপর অ্যাপ এর মাধ্যমে শাখার ক্যাশ কাউন্টারে প্রদর্শিত QR Code স্ক্যান করবেন। এরপর গ্রাহক যে পরিমাণ টাকা উত্তোলন করতে চান তার পরিমাণ লিখবেন এবং পরবর্তী ধাপে Wallet এর PIN নম্বর প্রদান করবেন। এই পর্যায়ে সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের মোবাইলে একটি e-Token পাঠানো হবে, যার তথ্য কাউন্টারে অবস্থিত শাখার কর্মকর্তাকে জানাতে হবে। শাখার কর্মকর্তা প্রাপ্ত e-Token এর তথ্য যাচাই সাপেক্ষে গ্রাহককে তাঁর কাঙ্ক্ষিত অর্থ প্রদান করবেন।

৫. উপকারিতা/সুফল:

- ক) চেক বই এর প্রয়োজন হয় না বিধায় চেক এর খরচ সাশ্রয় হয়।
- খ) স্বাক্ষর যাচাই এর প্রয়োজন হয় না।
- গ) দ্রুততার সাথে লেনদেন সম্পন্ন করা যায়।
- ঘ) ডিজিটাল ও গ্রীন ব্যাংকিং বাস্তবায়নে সহায়ক।
- ঙ) গ্রাহক ও শাখার কর্মকর্তাগণের সময় সাশ্রয় হয়।
- চ) গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পায়।

৬. সুবিধাভোগীর ব্যয়: সুবিধাভোগীর কেবলমাত্র ইন্টারনেট এর ডাটা খরচ ব্যতীত অন্য কোন ব্যয় নেই।

৭. সম্ভাব্য ঝুঁকি:

- ক) গ্রাহকের অসচেতনতা
- খ) নেটওয়ার্ক এর প্রাপ্যতা/ধীরগতি সম্পন্ন নেটওয়ার্ক

৮. বাস্তবায়িত ধারণার ফলাফল: গ্রাহকগণ খুব সহজে ও ঝামেলাবিহীনভাবে তাঁর ব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন করতে পারেন। ফলে গ্রাহক ও শাখার কর্মকর্তাগণের মূল্যবান সময় সাশ্রয় হয়, যা গ্রাহক-ব্যাংকার সম্পর্ক উন্নয়নসহ সেবার মান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে।

প্রত্যাশিত ফলাফল (TCV)			
বিষয়	সময় (T)	খরচ (C)	যাতায়াত (V)
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	৮ মিনিট	২.৫০ টাকা	১ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	২ মিনিট	০.০০	১ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহীতার প্রত্যাশিত সুবিধা	৬ মিনিট	২.৫০ টাকা	-

Process Map
QR Code Based Cash Out

